বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৭৭ তারিখঃ ২৯ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৮০৩ তম কমিশন সভা অদ্য ১৪/১২/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, South Bangla Agriculture & Commerce Bank Limited ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত অর্থ বছরে বিনিয়োগকারীদের জন্য ৪% নগদ ও ৪% স্টক ডিভিডেন্ড ঘোষণা করে এবং পরবর্তীতে ৮ম বার্ষিক সাধারন সভায় উক্ত লভ্যাংশের অনুমোদন দেয়। বিএসইসি'র নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২৩/প্রশাসন/১২৩, তারিখ: ৩০ জুন, ২০২১ পরিপালনের জন্য SBAC ব্যাংক কমিশন বরাবর উক্ত স্টক লভ্যাংশের জন্য আবেদন করে। আবেদনের প্রেক্ষিতে, কমিশন South Bangla Agriculture & Commerce Bank Limited কে স্টক লভ্যাংশ এর মাধ্যমে ৩১.৩৮ কোটি টাকার পরিশোধিত মূলধন বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করেছে।

০২. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি 'EDGE High Quality Income Fund (Open-end)'-এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২৫ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'EDGE AMC Limited' ২.৫ কোটি টাকা প্রদান করবে (ফান্ডের প্রাথমিক আকারের ১০ শতাংশ) এবং বাকি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হলো 'EDGE AMC Limited'। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড' এবং 'ব্রাক ব্যাংক লিমিটেড'।

Rezaul
14-12-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd